জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বাংলাদেশ
NATIONAL SKILLS DEVELOPMENT AUTHORITY BANGLADESH

# এনএসডিএ বার্তা

ত্রৈমাসিক প্রকাশনা। প্রথম বর্ষ। প্রথম সংখ্যা। ফেব্রুয়ারি ২০২৩



## মাননীয় প্রধানমন্ত্রীর এনএসডিএ অফিস পরিদর্শন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫ ফেব্রুয়ারি ২০২৩ আগারগাঁওস্থ বিনিয়োগ ভবনে এনএসডিএ-এর কার্যালয় পরিদর্শন করেন। অফিসের আধুনিক, বিদ্যুৎ সাশ্রয়ী এবং কর্মবান্ধব পরিবেশ দেখে তিনি সন্তোষ প্রকাশ করেন। এনএসডিএ-এর পক্ষ থেকে নির্বাহী চেয়ারম্যান নাসরীন আফরোজ মাননীয় প্রধানমন্ত্রীকে ক্রেস্ট উপহার দেন। এর আগে মাননীয় প্রধানমন্ত্রী বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নবনির্মিত বিনিয়োগ ভবন শুভ উদ্বোধন করেন। একই সঙ্গে তিনি বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অফিস পরিদর্শন করেন।



### এনএসডিএ-এর কার্যনির্বাহী কমিটির নতুন সভাপতি

## প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
## জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া

৮ ডিসেম্বর ২০২২ জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া প্রধানমন্ত্রীর মুখ্যসচিব হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮-এর ধারা ১১ অনুসারে তিনি এনএসডিএ-এর কার্যনির্বাহী কমিটির সভাপতি। গত ২ জানুয়ারি ২০২৩ কার্যনির্বাহী কমিটির সভায় তিনি সভাপতিত্ব করেন। এর পূর্বে তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব হিসেবে এনএসডিএ-এর কার্যনির্বাহী কমিটির সদস্য পদে দায়িত্ব পালন করেন। এনএসডিএ-এর সার্বিক কার্যক্রম পরিচালনায় তিনি নির্দেশনা ও পরামর্শ দিয়ে থাকেন।

## মন্ত্রিসভার বৈঠকে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০২২ অনুমোদন ও গ্যাজেট প্রকাশিত

বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটের পরিবর্তন, অন্যান্য কৌশলের সঙ্গে সমন্বয় সাধন এবং নতুন প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ও আইনি কাঠামোর সাথে সামঞ্জস্যকরণের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০২২ প্রণীত হয় এবং ২৭ ডিসেম্বর ২০২২ অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে চূড়ান্ত অনুমোদন লাভ করে। ৩১ জুলাই ২০২২ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত এনএসডিএ-এর গভর্নিং বোর্ডের প্রথম সভায় এটি অনুমোদনের পর গ্যাজেট আকারে প্রকাশিত হয়েছে।

**দক্ষ হাতে গড়ব দেশ**
**শেখ হাসিনার বাংলাদেশ**

## শুভেচ্ছা বার্তা



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্বপ্নের সোনার বাংলা নির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কাজ করছে। প্রতিযোগিতামূলক বিশ্বে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রয়োজন উন্নত প্রযুক্তি ও দক্ষ জনবল। দেশ ও বিশ্ব বাজারে দক্ষ জনবলের চাহিদা পূরণে এনএসডিএ সুষ্ঠু পরিকল্পনা ও কৌশলগত পদক্ষেপ গ্রহণ করেছে যা দেশের আর্থ-সামাজিক উন্নয়ন এবং বিশ্ব শ্রমবাজারে দক্ষ জনবলের চাহিদা পূরণে সহায়ক হবে।

২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার যে স্বপ্ন মাননীয় প্রধানমন্ত্রী আমাদের দেখিয়েছেন, দক্ষ ও প্রশিক্ষিত মানবসম্পদ তৈরির মাধ্যমে এনএসডিএ সেই স্বপ্ন পূরণে এগিয়ে চলেছে নিরন্তর।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, এনএসডিএ-এর কার্যক্রমসহ দক্ষতা বিষয়ে বিভিন্ন কর্মকাণ্ডের সংবাদ নিয়ে প্রথমবারের মতো 'এনএসডিএ বার্তা' শিরোনামে একটি নিউজলেটার প্রকাশিত হচ্ছে। এ প্রকাশনায় দক্ষতা বিষয়ক খবরা-খবরের হালনাগাদ তথ্য সন্নিবেশিত থাকার ফলে এনএসডিএ-এর সকল অংশীজন ও শুভাকাঙ্ক্ষী উপকৃত হবেন বলে আমার বিশ্বাস। এ বিষয়ে আমি সকলের সহযোগিতা কামনা করি। প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

**নাসরীন আফরোজ**
নির্বাহী চেয়ারম্যান (সচিব)
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

> “এই স্বাধীনতা তখনি আমার কাছে প্রকৃত স্বাধীনতা হয়ে উঠবে, যেদিন বাংলার কৃষক-মজুর ও দুঃখী মানুষের সকল দুঃখের অবসান হবে।”
>
> -জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

## সম্পাদকের কথা


একটি দেশের উন্নয়নের মূল ভিত্তি হচ্ছে দক্ষ জনশক্তি। দক্ষতাহীন ও বেকার কর্মক্ষম মানুষকে প্রয়োজনীয় ও বর্তমান সময়ের সাথে সঙ্গতিপূর্ণ পেশায় দক্ষতায় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশে ও বহির্বিশ্বে কর্মসংস্থানের যোগ্য করে গড়ে তোলার মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখার উদ্দেশ্যে ২০১৯ সালে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর যাত্রা শুরু হয়। শুরু থেকে নানাবিধ চ্যালেঞ্জ মোকাবেলা করে এনএসডিএ অতি স্বল্পসময়ে অনেক গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করছে। এনএসডিএ-এর কার্যক্রম ও অর্জনকে অবহিতকরণের লক্ষ্যে “এনএসডিএ বার্তা” শীর্ষক ত্রৈমাসিক নিউজলেটার প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান-এঁর অনুপ্রেরণায় নিউজলেটার প্রকাশনার উদ্যোগ নেওয়া হয়েছে। নিউজলেটারটির সফল প্রকাশনার জন্য সার্বক্ষণিক দিকনির্দেশনা ও পরামর্শ প্রদানের জন্য সদস্য (প্রশাসন ও অর্থ) এর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। নিউজলেটার প্রকাশনার সাথে সম্পৃক্ত সকল সহকর্মীকে আমার আন্তরিক ধন্যবাদ।

**রুমানা খোরশেদ**
পরিচালক (উপসচিব)
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

## বঙ্গবন্ধু জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৩

বাংলাদেশসহ ৮৪টি দেশ ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনালের সদস্য। ওয়ার্ল্ড স্কিলস ইন্টারন্যাশনাল প্রতি দুই বছর অন্তর বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আয়োজন করে থাকে। আগামী বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা ২০২৪ সালে ফ্রান্সে অনুষ্ঠিত হবে। বিশ্ব দক্ষতা প্রতিযোগিতায় বাংলাদেশের প্রতিযোগী নির্বাচনের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ‘বঙ্গবন্ধু জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২৩’ আয়োজন করতে যাচ্ছে।




*বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা ২০২২ এর প্রতিযোগী সাব্বির হোসেন হৃদয়*

উল্লেখ্য সুইজারল্যান্ড ও ফিনল্যান্ডে অনুষ্ঠিত বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা, ২০২২-এ বাংলাদেশ থেকে বেকারি অকুপেশনে মোঃ সাব্বির হোসেন হৃদয়, কুকিং অকুপেশনে লামিয়া নাফিস রাইসা এবং ফ্যাশন টেকনোলজি অকুপেশন শেখ তাসনিয়া তাবাসসুম অংশগ্রহণ করেন। বেকারি অকুপেশনে মোঃ সাব্বির হোসেন হৃদয় অষ্টম স্থান অধিকার করেন।

## দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন প্রদান অব্যাহত

এনএসডিএ-এর অন্যতম প্রধান কাজ হলো দক্ষতা প্রশিক্ষণ প্রাদানকারী প্রতিষ্ঠানসমূহকে এনএসডিএ-এর আওতায় নিবন্ধন প্রদান করা। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান এনএসডিএ বরাবর জাতীয় দক্ষতা পোর্টাল (এনএসপি)-এর মাধ্যমে আবেদন দাখিল করে। এনএসডিএ পরিদর্শক টিম আবেদনকৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক যাচাইবাছাই করে প্রতিবেদন দাখিল করে। পরিদর্শন প্রতিবেদনের আলোকে কর্তৃপক্ষের সভায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নিবন্ধন চূড়ান্ত করা হয়। এ পর্যন্ত মোট ৩৩৪টি দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়েছে।

## কোর্স অ্যাক্রিডিটেশন এবং অ্যাসেসমেন্ট সেন্টার

এনএসডিএ-এর অধীনে নিবন্ধিত দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলো তাদের সক্ষমতার নিরিখে কোর্স পরিচালনার আবেদন করলে এনএসডিএ ও আইএসসি-এর কর্মকর্তাগণ প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শনপূর্বক কোর্স প্রদানের সুপারিশসহ প্রতিবেদন দাখিল করলে কোর্স এক্রিডিটেশন প্রদান করা হয়। এ পর্যন্ত কোর্স অ্যাক্রিডিটেশনপ্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা ১৩৫টি।




*দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান পরিদর্শন*

নিবন্ধিত প্রতিষ্ঠানে এনএসডিএ-এর স্ট্যান্ডার্ড ও কারিকুলাম অনুসারে পরিচালিত দক্ষতা প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের অ্যাসেসমেন্টের নিমিত্ত এনএসডিএ স্বীকৃত অ্যাসেসমেন্ট সেন্টার প্রয়োজন। নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহে এনএসডিএ-এর কোর্স এক্রিডিটেশন ডকুমেন্ট (সিএডি) অনুযায়ী বিভিন্ন লেভেলে দক্ষতা প্রশিক্ষণ প্রদান ও অ্যাসেসমেন্ট পরিচালনায় সক্ষমতা আছে এ-রকম ৯৬টি প্রতিষ্ঠানকে অ্যাসেসমেন্ট সেন্টার হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়েছে।

## নির্মিত হলো নতুন বিজ্ঞাপনচিত্র

তরুণ ও যুবসমাজকে দক্ষতা বিষয়ে আগ্রহী করে তুলতে এবং এনএসডিএ-এর দক্ষতা বিষয়ক কার্যক্রমের ব্যাপক প্রচার প্রচারনা লক্ষ্যে ইতোপূর্বে নির্মিত ৩টি টিভিসির পর গত ডিসেম্বর ২০২২-এ একটি নতুন বিজ্ঞাপনচিত্র নির্মাণ করা হয়। বিটিভিসহ বেসরকারি ৫টি টেলিভিশন চ্যানেল এবং সোশ্যাল মিডিয়ায় এটি প্রচারিত হচ্ছে। উল্লেখ্য, ইতোপূর্বে নির্মিত ৩টি টিভিসিও বিভিন্ন টিভি চ্যানেল ও স্যোসাল মিডিয়ায় নিয়মিত প্রচারিত হয়।



## প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট কার্যক্রম

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সমন্বয় ও অ্যাসেসমেন্ট অনুবিভাগ নিবন্ধনকৃত সরকারি, বেসরকারি, ব্যক্তিমালিকানাধীন এবং এনজিও কর্তৃক পরিচালিত দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণকারীদের মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিতকরণসহ সনদায়নের লক্ষ্যে অ্যাসেসমেন্ট করে থাকে।



*প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট*

এনএসডিএ-এর কোর্স ও কারিকুলামে এ পর্যন্ত ৩০৩৬ জন প্রশিক্ষণার্থীর অ্যাসেমেন্ট সম্পন্ন হয়েছে যার মধ্যে ২১৫১ জন কম্পিটেন্ট হয়েছেন। এছাড়া, কম্পিটেন্সি বেজড ট্রেনিং এন্ড অ্যাসেসমেন্ট এবং কম্পিটেন্সি বেজড অ্যাসেসমেন্ট পদ্ধতিতে মোট ৩৫৩ জন অ্যাসেসর এবং ২০১ জন প্রশিক্ষক পুলভুক্ত হয়েছেন। অ্যাসেসমেন্ট কার্যক্রম পরিচালনার জন্য মানসম্মত অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন করা একটি চ্যালেঞ্জিং কাজ। সমন্বয় ও অ্যাসেসমেন্ট অনুবিভাগ কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী চাহিদার ভিত্তিতে বিভিন্ন অকুপেশন ও লেভেলে অ্যাসেসমেন্ট টুলস প্রণয়নের জন্য কর্মশালা আয়োজন করে থাকে। এ-সকল কর্মশালায় এনএসডিএ-এর পরামর্শকগণ এবং বিভিন্ন সেক্টরের এক্সপার্টগণ রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থেকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক অভীক্ষার প্রশ্নপত্র, স্বমূল্যায়ন ডকুমেন্ট প্রণয়নসহ প্রশ্নব্যাংক তৈরির কাজ করেন। এসব কর্মশালার মাধ্যমে প্রণীত প্রায় ৭০ সেট প্রশ্নপত্র বর্তমানে সমন্বয় ও অ্যাসেসমেন্ট অনুবিভাগের কাছে সংরক্ষিত রয়েছে।

## ২৫টি অকুপেশনে ৯৩২ জনকে দক্ষতা সনদ প্রদান

এনএসডিএ নিবন্ধিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কোর্স অনুমোদন সাপেক্ষে সনদায়িত প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে নির্ধারিত দিনে সনদায়িত অ্যাসেসরের মাধ্যমে এনএসডিএ প্রণীত টুলস দ্বারা জ্ঞান, দক্ষতা ও অ্যাটিচুড মূল্যায়ন করা হয়। একটি অকুপেশনাল স্ট্যান্ডার্ড-এর সবগুলো ইউনিটে সক্ষম অ্যাসেসিকে কম্পিটেন্ট বা সক্ষমতার সনদ প্রদান করা হয়। সবগুলো ইউনিটে সক্ষম না হলে প্রশিক্ষণার্থী যেসব ইউনিটে সক্ষমতা অর্জন করেছেন তার জন্য স্টেটমেন্ট অব অ্যাচিভমেন্ট সনদ প্রদান করা হয়। পরবর্তীতে অকৃতকার্য ইউনিটগুলোতে অংশ নিয়ে সক্ষমতার সনদ গ্রহণের সুযোগ আছে। এনএসডিএ-এর মাধ্যমে এ পর্যন্ত ২৩টি অকুপেশনে মোট ২১৭১ জনকে দক্ষতার সনদ ইস্যু করা হয়েছে।

## ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিবৃন্দের সঙ্গে বৈঠক



২৭ নভেম্বর ২০২২ ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিবৃন্দের সঙ্গে এনএসডিএ কর্মকর্তাদের বৈঠক অনুষ্ঠিত হয়। সভায় দক্ষতা উন্নয়ন সম্পর্কিত দ্বিপাক্ষিক আলোচনা অনুষ্ঠিত হয়।

## এগিয়ে চলেছে ন্যাশনাল স্কিলস পোর্টাল (এনএসপি) তৈরির কাজ

অবাধ তথ্য সুবিধা নিশ্চিত করাসহ স্মার্ট বাংলাদেশ গড়ার অংশ হিসেবে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ন্যাশনাল স্কিলস পোর্টাল (এনএসপি) তৈরির উদ্যোগ গ্রহণ করে। এই পোর্টালের মাধ্যমে দক্ষ মানবসম্পদ, দেশীয় ও আন্তর্জাতিক শিল্প প্রতিষ্ঠানের মধ্যে ডিজিটাল সংযোগ সাধন করা হবে। পোর্টালটি দেশের দক্ষ মানবসম্পদ উন্নয়ন সম্পর্কিত ইনফরমেশন হাব হিসেবে কাজ করবে। ন্যাশনাল স্কিলস পোর্টালে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন, প্রশিক্ষণার্থীদের সনদায়ন ও স্কিলস গ্রাজুয়েটদের তথ্য, কোর্স অ্যাক্রিডিটেশন, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি-সংক্রান্ত যাবতীয় তথ্য, শিক্ষানবিশি, আইএসসি-সংক্রান্ত তথ্য সন্নিবেশিত থাকবে। ইতোমধ্যে এনএসপিএর ১০টি মডিউলের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৬টি মডিউলের কাজ চলতি অর্থবছরে সম্পন্ন হবে।

## মহান বিজয় দিবস উদ্‌যাপন



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ সম্মেলন কক্ষে মহান বিজয় দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে 'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখছেন এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ

## জাতীয় পর্যায়ে রচনা প্রতিযোগিতা ২০২৩

এনএসডি-এর কার্যক্রম সম্পর্কে তরুণ সমাজকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে দেশব্যাপী রচনা প্রতিযোগিতা ২০২৩ আয়োজন করা হয়েছে। এ উপলক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন, উপজেলা পর্যায় পর্যন্ত পোস্টার বিতরণ, ওয়েব পোর্টালে প্রচারসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হয়। আগামী মার্চ ২০২৩ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিজয়ী লেখকদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে।

> ‘‘দক্ষতা উন্নয়নের মাধ্যমে শ্রমিকের উৎপাদনশীলতা বৃদ্ধি করা সম্ভব হয়। এতে শ্রমিকের মজুরি বাড়ে যা দারিদ্র্য হ্রাসে ইতিবাচক ভূমিকা রাখে।’’
>
> -মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

# আমাদের কথা

বর্তমান বিশ্বে প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য দক্ষতা উন্নয়নের বিকল্প নেই। বাংলাদেশে প্রতি বছর ২২ লক্ষের অধিক যুব কর্মক্ষেত্রে প্রবেশ করে। এই বিপুলসংখ্যক যুবদের বিভিন্ন পেশায় দক্ষতা প্রদান করে বাজারের চাহিদার উপযোগী করে গড়ে তোলার মাধ্যমে মানুষের জীবনমানের উন্নয়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধির জন্য কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) প্রতিষ্ঠিত হয়েছে।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে এনএসডিএ হতে নানামুখী কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। ইতোমধ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠান, কোর্স এক্রিডিটেশন, অ্যাসেসমেন্ট সেন্টার নিবন্ধন, অ্যাসেসরপুল গঠনসহ অ্যাসেসমেন্ট কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া, কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড, কারিকুলাম, সিবিএলএম ইত্যাদি প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। দক্ষতা সম্পর্কে নেতিবাচক ধারণা দূরীকরণ, দক্ষতা সম্পর্কে জনসচেতনতা তৈরি ও দক্ষতা প্রশিক্ষণ জনপ্রিয় করার জন্য বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ আয়োজন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার-প্রচারণা অব্যাহত রাখার লক্ষ্যে “এনএসডিএ শক্তিশালীকরণ প্রকল্পের” কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও এনএসডিএ-এর মধ্যে সংযোগ স্থাপনসহ অন্যান্য কার্যক্রমে এনএসডিএ-কে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এ পর্যন্ত ১৩টি শিল্প দক্ষতা পরিষদ (ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল-আইএসসি) গঠন করা হয়েছে। এনএসডিএ-এর সেবাসমূহ ডিজিটাইজ করা এবং দক্ষতা উন্নয়ন সম্পর্কিত সকল তথ্য অনলাইনে সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও প্রকাশ করার লক্ষ্যে জাতীয় দক্ষতা পোর্টাল (www.skillsportal.gov.bd) আংশিকভাবে চালু হয়েছে। চলমান কার্যক্রমের পাশাপাশি ইতোমধ্যে ‘জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০২২’ অনুযায়ী জেলা পর্যায়েও বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এছাড়া চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ জনশক্তি তৈরিতে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অপরদিকে নবগঠিত প্রতিষ্ঠান হিসেবে জনমানুষের মাঝে এর কার্যক্রম এবং দক্ষতা প্রশিক্ষণ সম্পর্কে নেতিবাচক ধারণা দূরীকরণার্থে এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় নির্দেশনায় ত্রৈমাসিক নিউজ লেটার প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

নিয়মিত ‘এনএসডিএ বার্তা’ প্রকাশনার মাধ্যমে স্টেকহোল্ডারগণ এনএসডিএ-এর কার্যক্রম ও লক্ষ্যমাত্রার অগ্রগতি সম্পর্কে সম্যক অবহিত হতে পারবেন। আশাকরি এ প্রকাশনা ভবিষ্যতে একটি উল্লেখযোগ্য ডকুমেন্ট হিসেবে দক্ষতা সংশ্লিষ্ট গবেষণায় এবং তথ্যভাণ্ডার গড়ে তুলতে সহায়ক হবে।

**কামরুন নাহার সিদ্দীকা**
সদস্য (যুগ্মসচিব)
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

## এনএসডিএ-এর কর্মপরিকল্পনা অবহিতকরণ কর্মশালা

৩১ জুলাই ২০২২ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত এনএসডিএ-এর গভর্নিং বোর্ডের প্রথম সভায় জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি) ২০২২ এবং জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা ২০২২-২৭ অনুমোদিত হয়েছে। গত ১৮ ডিসেম্বর ২০২২ কর্মপরিল্পনা অবহিতকরণের জন্য কর্মশালার আয়োজন করা হয়।



*জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা ২০২২-২৭ অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া*

কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিনিয়র সচিব মোঃ কামাল হোসেন এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মোঃ এহছানে এলাহী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ। সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের মহাপরিচালক ও কর্মকর্তা, ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আইএসসি)-এর চেয়ারম্যান, দক্ষতা প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রধান ও প্রতিনিধি, বিভিন্ন বিজনেস এসোসিয়েশনের প্রতিনিধি এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ কর্মশালায় উপস্থিত ছিলেন।

## সমঝোতা স্মারক স্বাক্ষরের লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত

৮ ডিসেম্বর ২০২২ বিদেশে দক্ষ জনবল পাঠানোর জন্য পারস্পরিক সমঝোতার ক্ষেত্র নিরূপণ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান (সচিব) নাসরীন আফরোজ। সভায় সাত সদস্য বিশিষ্ট এক কমিটি গঠন করা



মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন নাসরীন আফরোজ, নির্বাহী চেয়ারম্যান (সচিব) এনএসডিএ।

হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এবং বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) এর প্রতিনিধিগণ এ সভায় উপস্থিত ছিলেন।


জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত
www.nsda.gov.bd